

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তির রাতের প্রথমাংশ ও শেষাংশে দুইবার বিতর পড়ার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يُوتِرَ الْمَرْءُ فِي اللَّيْلَةِ الْوَاحِدَةِ مَرَّتَيْنِ فِي أَوَّلِ اللَّيْلِ وَآخِرِهِ

আরবী

2440 ـ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْأَنْمَاطِيُّ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيِّ قَالَ: حَدَّثَنَا مُلَازِمُ بْنُ عَمْرٍ قَالَ: زَارَبِي أَبِي يَوْمًا فِي مُلَازِمُ بْنُ عَمْرٍ قَالَ: زَارَبِي أَبِي يَوْمًا فِي مُلَازِمُ بْنُ عَمْرٍ قَالَ: زَارَبِي أَبِي يَوْمًا فِي رَمَضَانَ فَأَمْسَى عِنْدَنَا وَأَفْطَرَ فَقَامَ بِنَا تِلْكَ اللَّيْلَةَ وَأَوْتَرَ ثُمَّ انْحَدَرَ إِلَى مَسْجِدِهِ فَصَلَّى بِأَصْحَابِهِ ثُمَّ قَدَّمَ رَجُلًا فَقَالَ: أَوْتِرْ بِأَصْحَابِكَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَا وِتْرَانِ فِي ليلة)

الراوي: قَيْس بْن طَلْقِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2440 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1293).

বাংলা

২৪৪০. কাইস বিন তালক থেকে বর্ণিত, তিনি বলেন, "আমার বাবা একবার রমযানে আমাকে দেখতে আসেন। তিনি আমাদের কাছে সন্ধা অবধি থেকে ইফতার করেন। তারপর তিনি সেই রাতে আমাদের নিয়ে রাতের সালাত আদায় করেন এবং বিতর সালাত পড়েন। তারপর তিনি মাসজিদে গমন করেন এবং তার সঙ্গীদের নিয়ে সালাত আদায় করেন। অতঃপর এক ব্যক্তিকে সামনে এগিয়ে দিয়ে বলেন, "তুমি তোমার সঙ্গীদের নিয়ে বিতর সালাত আদায় কর। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "একরাতে দুইবার বিতর সালাত নেই।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ১৪৩৯; নাসাঈ: ৩/২২৯-২৩০; তিরমিযী: ৪৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ১১০১; সুনান বাইহাকী:



৩/৩৬; মুসনাদ আহমাদ: ৪/২৩; আত তায়ালিসী: ১০৯৫; তাবারানী: ৮২৪৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কায়েস ইবনে তালক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন